# সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতিঃ | আঞ্জুমান আরা বেগম<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সাতকানিয়া। |
| সভার তারিখঃ | ১৩ এপ্রিল ২০২২ |
| সময়ঃ | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থানঃ | মহিলা ভাইস চেয়ারম্যান'র কার্যালয়। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ: | পরিশিষ্ট ''ক'' |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার সভা পরিচালনা করেন। সভায় গত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সভায় নিম্ন বর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা,** সাতকানিয়া সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার কোন বরাদ্দ আসে নি। সাতকানিয়া উপজেলায় ১২৭৬০ জন বয়স্ক ভাতাভোগী রয়েছে। যেহেতু বয়স্ক ভাতাভোগীর সবাই ৬২ ও ৬৫ বছরের উর্ধে। তাই স্বাভাবিকভাবেই প্রতিটি ইউনিয়নেই মৃত্যুজনিত কারণে বেশ কিছু সংখ্যক ভাতার কোটা শূন্য হয়। পুরানগড় ইউনিয়ন হতে ৪১ জন মৃত বয়স্ক ভাতাভোগীর তথ্য পাওয়া গেছে। সে মোতাবেক সাতকানিয়া উপজেলার ১৭টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় গড়ে মোট ৬০০-৭০০ জন মৃত ভাতাভোগী থাকার সমূহ সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় জীবিত ও সঠিক ভাতাভোগীর হাতে ভাতার অর্থ পৌছে দেয়ার নিমিত্ত মৃত ভাতাভোগী প্রতিস্থাপন একান্ত প্রয়োজন। | জীবিত ও সঠিক ভাতাভোগীর হাতে ভাতার অর্থ পৌছে দেয়ার নিমিত্ত মৃত ভাতাভোগী প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের তাগিদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ,পি চেয়ারম্যান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আঞ্জুমান আরা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১-

তারিখঃ ১৩/০৪/২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সাতকানিয়া,চট্টগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম
০৩। উপজেলা ............................কর্মকর্তা ,সাতকানিয়া, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান.............................ইউ,পি, সাতকানিয়া, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

১৩.৪.২০২২

মোঃ রিজোয়ান উদ্দিন
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি

CS CamScanner

# সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ আঞ্জুমান আরা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সাতকানিয়া।
সভার তারিখঃ ৩১ আগষ্ট ২০২১
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা
স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান'র কার্যালয়।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার সভা পরিচালনা করেন। সভায় গত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সভায় নিম্ন বর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা,** সাতকানিয়া সভায় বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসমূহ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস "নগদ" এর মাধ্যমে ডিজিটাল উপায়ে সরাসরি ভাতভোগীর মোবাইলে ভাতার অর্থ প্রেরণ করা হচ্ছে। ফলে অল্প সময়ে স্বল্প খরচে ভাতাভোগী তার ভাতার অর্থ পাচ্ছেন। কিন্তু কিছু অসাধু প্রতারকচক্র ভাতাভোগীর মোবাইলে ফোন করে নগদ হিসাবের পিন নাম্বার চাচ্ছে। এবং অসহায়, গরীব ও অসচেতন ভাতাভোগীরা পিন নাম্বার জানিয়ে তাদের ভাতার অর্থ হারাচ্ছেন। সমাজসেবা অফিসার আরো জানান যে, সমাজসেবা অফিস থেকে কখনও ভাতাভোগীর নিকট থেকে পিন নাম্বার চাওয়া হয় না। এমতাবস্থায় ডিজিটাল উপায়ে ভাতা প্রদান কার্যক্রমকে সফল করার জন্য সবাইকে সচেতন হওয়ার অনুরোধ জানানো হয়। | প্রতারকের হাত থেকে ভাতার অর্থ রক্ষার্থে প্রতিটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে সচেতনমূলক কর্মসূচী আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ,পি চেয়ারম্যান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আঞ্জুমান আরা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক উপজেলা কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১-

তারিখ ঃ ৩১/০৮/২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সাতকানিয়া,চট্টগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা ,সাতকানিয়া, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান.............................ইউ,পি, সাতকানিয়া, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

৩১.৮.২০২১

মোঃ রিজোয়ান উদ্দিন
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম

CamScanner